

সে যে বসে আছে লিরিক্সঃ

সে যে বসে আছে একা একা,
রঙিন স্বপ্ন তার বুনতে ।
সে যে চেয়ে আছে ভরা চোখে,
জানালার ফাঁকে মেঘ ধরতে ।

তার গুনগুন মনের গান
বাতাসে ওড়ে;
কান পাতো, মনে পাবে শুনতে ।
তার রঙের তুলির নাচে
মেঘেরা ছোটে;
চোখ মেলো, যদি পারো বুঝতে ।

সে যে বসে আছে একা একা,
তার স্বপ্নের কারখানা চলছে ।
আর বুড়ো বুড়ো মেঘেদের দল,
বৃষ্টি নামার তাল গুনছে ।

সেই গুনগুন মনের গান,
বৃষ্টি নামায়;
টপ টপ ফোটা পরে অনেক্ষণ ।
সেই বৃষ্টি ভেজা মোরে ডাক দিয়েছে ।
ভেজা কাক হয়ে থাক আমার মন ।

সে যে বসে আছে...

সে যে বসে আছে...

সে যে বসে আছে...

সে যে বসে আছে...